

## 💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৬২

১/ বিবিধ

## আরবী

لما تجلى الله للجبل \_ يعني جبل الطور \_ طارت لعظمته ستة جبال فوقعت ثلاثة في المدينة، وثلاثة بمكة، بالمدينة أحد وورقان ورضوى، ووقع بمكة حراء وثبير وثور موضوع

رواه المحاملي في " الأمالي " (1 / 172 / 1) ، ومن طريقه الخطيب في " التاريخ " (10 / 440 ـ 441) وابن الأعرابي في " معجمه " (166 / 2) وابن أبي حاتم في " تفسيره " من طريق عبد العزيز بن عمران عن معاوية بن عبد الله عن الجلد بن أيوب عن معاوية بن قرة عن أنس مرفوعا، وقال الحافظ ابن كثير في " تفسيره " (2 / 245) : وهذا حديث غريب بل منكر

قلت: ولم يبين علته، وهي من عبد العزيز بن عمران فإنه غير ثقة كما تقدم في الحديث الذي قبله، وفي ترجمته ساق له الذهبي هذا الحديث والجلد بن أيوب قال الدارقطنى: متروك

ثم وجدت الحديث أورده ابن الجوزي في " الموضوعات " (1 / 120) من طريق الخطيب وقال: قال ابن حبان: موضوع، وعبد العزيز متروك يروي المناكير عن المشاهير، وتعقبه السيوطى (1 / 24) بما لا يجدي، كما هى عادته

## বাংলা

১৬২। আল্লাহ যখন পাহাড়ের উদ্দেশ্যে নিজের আলোক রশ্মি প্রকাশ করলেন, অর্থাৎ তুর পাহাড়ের জন্য। তখন



ছয়টি পাহাড় তার সম্মানার্থে উড়ে গিয়াছিল। অতঃপর তিনটি গিয়ে পড়ে মদিনায় আর তিনটি মক্কায়। মদিনায় হচ্ছে উহুদ, ওরাকান ও রাযওয়া, আর মক্কায় হচ্ছে হেরা, সবীর ও সাওর।

## হাদীসটি জাল।

হাদীসটি মাহামিলী "আল-আমলী" গ্রন্থে (১/১৭২/১) বর্ণনা করেছেন এবং তার সূত্রে খাতীব বাগদাদী "আততারীখ" গ্রন্থে (১০/৪৪০-৪৪১), ইবনুল আরাবী তার "আল-মু'জাম" গ্রন্থে (২/১৬৬) এবং ইবনু আবী হাতিম তার
"আত-তাফসীর" গ্রন্থে আব্দুল আযীয ইবনু ইমরান সূত্রে মুয়াবিয়া ইবনু আবদিল্লাহ হতে, তিনি জিলদ ইবনু
আইউব হতে ... বর্ণনা করেছেন।

ইবনু কাসীর হাদীসটি সম্পর্কে তার "আত-তাফসীর" গ্রন্থে (২/২৪৫) বলেনঃ এটি গারীব হাদীস, বরং মুনকার । আমি (আলবানী) বলছিঃ হাদীসটির সমস্যা হচ্ছে আব্দুল আযীয ইবনু ইমরান, কারণ তিনি নির্ভরযোগ্য নন। তার সম্পর্কে ১৬১ নং হাদীসে আলোচনা করা হয়েছে।

এছাড়া এটির সনদে জিলদ ইবনু আইউব রয়েছেন। তার সম্পর্কে দারাকুতনী বলেনঃ তিনি মাতরূক।

হাদীসটি ইবনুল জাওয়ী "আল-মাওযুআত" গ্রন্থে (১/১২০) খাতীব বাগদাদীর সূত্রে উল্লেখ করে বলেছেনঃ ইবনু হিব্বান বলেনঃ এটি বানোয়াট, আব্দুল আয়ীয় মাতরুক। তিনি প্রসিদ্ধ বর্ণনাকারীদের উদ্ধৃতিতে মুনকার হাদীস বর্ণনাকারী।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন